



“শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রকল্প পরিচালকের কার্যালয়
বাংলাদেশ ভূমি জরিপ শিক্ষার উন্নয়ন প্রকল্প
কারিগরি শিক্ষা অধিদপ্তর
এফ-৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।
www.techedu.gov.bd

স্মারক নং- ৫৭.০৩.০০০০.০৪২.১৮.০০৫.১৮- ৯/১১

তারিখ: ০১ ডায়, ১৪২৮ বঙ্গাব্দ
১৬ আগস্ট, ২০২১ খ্রিস্টাব্দ

নিয়োগ বিজ্ঞপ্তি

কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন কারিগরি শিক্ষা অধিদপ্তরের বাংলাদেশ ভূমি জরিপ শিক্ষার উন্নয়ন প্রকল্পে নিম্নে উল্লিখিত পদে প্রকল্প মেয়াদে সাকুল্য বেতনে লোকবল নিয়োগ করা হবে। এ উদ্দেশ্যে আগ্রহী প্রার্থীদের নিকট হতে শর্ত সাপেক্ষে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

নং	পদের নাম	পদ সংখ্যা	বেতন গ্রেড	নিয়োগের ধরন	ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
০১	অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক	০১	গ্রেড-১৬	সরাসরি (সাকুল্য বেতনে)	ক) কোন স্বীকৃত বোর্ড হতে এইচএসসি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ সরকারী স্বীকৃত প্রতিষ্ঠান হতে কম্পিউটারে প্রশিক্ষণপ্রাপ্ত। খ) কম্পিউটার টাইপিং এর গতি প্রতি মিনিটে বাংলা ও ইংরেজীতে যথাক্রমে ২০ ও ২০ শব্দ।

শর্তাবলী:

- কারিগরি শিক্ষা অধিদপ্তরের ওয়েব সাইটে (www.techedu.gov.bd) প্রদত্ত (জনপ্রশাসন মন্ত্রণালয়- www.mopa.gov.bd) কর্তৃক নির্ধারিত) ০১ (এক) পাতার ফরমে স্বহস্তে/কম্পিউটার কম্পোজ করে আবেদন করতে হবে।
- আবেদনপত্র, প্রকল্প পরিচালক, বাংলাদেশ ভূমি জরিপ শিক্ষার উন্নয়ন প্রকল্প, কক্ষ নং-৪০১, কারিগরি শিক্ষা অধিদপ্তর, এফ-৪/বি, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭ বরাবরে আগামী ০৮/০৯/২০২১ খ্রিস্টাব্দ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে সরাসরি/ডাকযোগে/কুরিয়ার সার্ভিসের মাধ্যমে পৌছাতে হবে।
- দরখাস্তের সাথে শুধুমাত্র প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সম্প্রতি তোলা পাসপোর্ট সাইজের ০২ (দুই) কপি রঞ্জন ছবি স্ট্যাম্প দিতে লাগাতে হবে।
- আগামী ১৭/০৮/২০২১ খ্রিস্টাব্দ তারিখে আবেদনকারীর বয়স ১৮-৩০ বছর এবং মুক্তিযোদ্ধা সন্তানদের ক্ষেত্রে সর্বোচ্চ ৩২ বছর হতে হবে।
- সরকারী বিধি মোতাবেক লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষার মাধ্যমে প্রার্থী বাছাই করা হবে।
- আবেদনপত্রের সাথে ১০ (দশ) টাকার ডাকটিকিটযুক্ত একটি খাম এর উপর প্রার্থীর ডাক যোগাযোগের ঠিকানা ও মোবাইল নম্বর লিখে তা সংযুক্ত করতে হবে।
- প্রকল্প পরিচালক, বাংলাদেশ ভূমি জরিপ শিক্ষার উন্নয়ন প্রকল্প, কক্ষ নং-৪০১, কারিগরি শিক্ষা অধিদপ্তর, এফ-৪/বি, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭ বরাবরে ১-৩৭০৩-০০০০-২০৩১ কোডে ড্রেজারী চালানোর মাধ্যমে বাংলাদেশ ব্যাংক অথবা সোনালী ব্যাংকের যে কোন শাখায় ১০০/- (একশত) টাকা জমা দিয়ে চালানোর কপি আবেদন পত্রের সাথে সংযুক্ত করতে হবে।
- অসম্পূর্ণ ও নির্ধারিত সময়ের পরে প্রাপ্ত দরখাস্ত সরাসরি বাতিল বলে গণ্য হবে।
- বৈধ প্রার্থীগণকে লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য তারিখ ও স্থান প্রার্থীদের যোগাযোগের ঠিকানায় পত্রযোগে জানানো হবে।
- মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সময় সকল সনদপত্রের মূল কপি প্রদর্শন করতে হবে।
- প্রার্থীদের যাতায়াতের জন্য কোন প্রকার টিএ/ডিএ দেয়া হবে না।
- নিয়োগের ক্ষেত্রে কোটা সংক্রান্ত সরকারি নীতিমালা ও অন্যান্য বিধিবিধান যথাযথভাবে অনুসরণ করা হবে।
- সাকুল্যে বেতন নির্ধারণের ক্ষেত্রে অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের নির্দেশাবলী অনুসরণ করা হবে।
- প্রার্থীদের নিয়োগ প্রদান করা বা না করার ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণের অধিকার সংরক্ষণ করে।

(ড. মোঃ শফিক উদ্দিন)

প্রকল্প পরিচালক (উপসচিব)

বাংলাদেশ ভূমি জরিপ শিক্ষার উন্নয়ন প্রকল্প
কারিগরি শিক্ষা অধিদপ্তর।